

“২৮ তম সভা”

উপজেলা পরিষদ কার্যালয়

নাজিরপুর, পিরোজপুর

নাজিরপুর উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী



সভাপতি	:	জনাব অমূল্য রঞ্জন হালদার চেয়ারম্যান, উপজেলা পরিষদ নাজিরপুর, পিরোজপুর।
স্থান	:	উপজেলা পাবলিক লাইব্রেরি মিলনায়তন, নাজিরপুর, পিরোজপুর।
তারিখ ও সময়	:	৩০/০৯/২০২১ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক)	:	(স্বাক্ষরের ক্রমানুসারে) রেজিস্ট্রারে সংরক্ষিত।

সভার শুরুতে উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি আলোচ্য সূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকল সদস্যকে পুনরায় শুভেচ্ছা জানিয়ে আলোচ্য সূচি অনুযায়ী সভার কাজ সূচনা করেন।

২) বিগত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর সভায় গত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী অধ্যাকার সভায় পাঠ করে শুনান, পাঠশেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন।	এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, গত সভার কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা পরিষদ নাজিরপুর, পিরোজপুর

৩) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
উপজেলা নির্বাহী অফিসার সভায় গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম যথাযথভাবে পালন করা হচ্ছে না। এ বিষয় সভায় সংশ্লিষ্ট সকলকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যাপারে আন্তরিক হওয়ার অনুরোধ জানান হয়।	এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল নাজিরপুর, পিরোজপুর

৪) উপজেলা পরিষদ আইনের পরিবর্তন/সংশোধন

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের বিগত মাসিক সভার পর থেকে এ পর্যন্ত উপজেলা পরিষদ আইনের কোন পরিবর্তন/সংশোধনী আনা হয়নি মর্মে জানা যায় বিধায় এ বিষয়ে কোন আলোচনা নেই।	-	-

৫) উপজেলা পরিষদ সংক্রান্ত নতুন সার্কুলার/ আদেশ/প্রজ্ঞাপন

উপজেলা নির্বাহী অফিসার জানান, স্থানীয় সরকার বিভাগের ১০ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দের ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ নং স্মারকের মাধ্যমে উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয়করণের নির্দেশনা প্রদান করেছেন। তিনি উক্ত পত্রটি সভায় পাঠ করে শুনান।	বিস্তারিত আলোচনান্তে, পত্রের মর্মানুসারে উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর, পিরোজপুর
---	---	---

৬) ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভার কার্যক্রম/সুপারিশ পর্যালোচনা।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
উপজেলা নির্বাহী অফিসার জানান, ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভা হতে এ মাসে ২টি সুপারিশ পাওয়া গেছে। তিনি এ বিষয়ে উক্ত সুপারিশ সভায় পাঠ করে শুনান।	বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভা নিয়মিত আয়োজনপূর্বক উপজেলা পরিষদে দাখিলের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ

৭) স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের স্থায়ী কমিটি হতে ৪টি সভার কার্যবিবরণী পাওয়া গেছে। তিনি উক্ত কার্যবিবরণী পাঠ করে শুনান।	বিস্তারিত আলোচনান্তে, স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট কমিটিসমূহের সদস্য সচিব ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে তৎপর হয়ে নিয়মিত সভা করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ভাইস চেয়ারম্যানদ্বয়/ সংশ্লিষ্ট দপ্তর প্রধান, নাজিরপুর।

৮) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর, নাজিরপুর, পিরোজপুর

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ডাঃ মোঃ ফজলে বারী উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নাজিরপুর জানান, মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে ভ্যাকসিন কার্যক্রম সফলভাবে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। হাসপাতালে সার্বক্ষণিক বৈদ্যুতিক ব্যবস্থা নিশ্চিত করার জন্য তিনি উপজেলা পরিষদের মাধ্যমে একটি জেনারেটর সরবরাহের অনুরোধ করেন।	বিস্তারিত আলোচনান্তে হাসপাতালে সার্বক্ষণিক বৈদ্যুতিক ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা পরিষদের এডিপি খাত হতে একটি জেনারেটর সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর

৯) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ক) উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা নাজিরপুর জানান এনং সেখমাটিয়া ইউনিয়ন এর বাবুরহাট বাজার সংলগ্ন ৮শতক জমিতে একটি সীড স্টোর রয়েছে। ভবনটি সুরক্ষার জন্য কোন ধরনের দেয়াল বা কাটা তারের বেড়া না থাকায় অসাধু লোকজন দখলের পায়তারা করছে। তিনি উক্ত ভবনের সীমানা নির্ধারণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে সভার মাধ্যমে অনুরোধ জানান। খ) তিনি আরো জানান, প্রকল্প পরিচালক, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প এর ০২/০৮/২০২১ খ্রিস্টাব্দের ১২.০১.০০০০.০০০.১৪.০৪৮.২১/২৩৯১(৬৮৮) নং স্মারকে উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণ সংক্রান্ত একটি পত্র পাওয়া গেছে। তিনি উক্ত পত্র সভায় পাঠ করে শুনান। পত্রে উপজেলা পরিষদের অভ্যন্তরে ১তলা বিশিষ্ট ১২০০ বর্গফুট আয়তনের জায়গা নির্বাচনের অনুরোধ জানানো হয়েছে। তিনি এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন।	ক) বিস্তারিত আলোচনান্তে, সীমানা নির্ধারণের জন্য সহকারী কমিশনার (ভূমি) নাজিরপুর বরাবর সুপারিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। খ) বিস্তারিত আলোচনান্তে, কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত পুরাতন কৃষি অফিসের টিনসেড ভবনের স্থানে ১২০০ বর্গফুট জায়গা নির্বাচনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা কৃষি অফিসার কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর

১০) প্রাণিসম্পদ বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ডাঃ এ কে এম আসজাদ হোসেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাজিরপুর জানান প্রাণিসম্পদ অধিদপ্তরের মাধ্যমে উপকূলীয় প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় প্রতি ইউনিয়ন থেকে হাঁসপালনকারী ২৫০জন নারী, ১৫০ জন মুরগী পালনকারী, ৫০ জন পুরুষ ও ৫০ জন নারী ভেড়া পালনকারী সুফলভোগী ও ১জন কুবতর পালনকারী সুফলভোগী সুবিধা পাবেন। তিনি তালিকা প্রণয়নের জন্য তিনি ইউপি চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন।	বিস্তারিত আলোচনান্তে, প্রকল্প বাস্তবায়নের জন্য ইউপি চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ নাজিরপুর, পিরোজপুর চেয়ারম্যান (সকল) ইউপি নাজিরপুর, পিরোজপুর

১১) উপজেলা মৎস্য দপ্তর, নাজিরপুর, পিরোজপুর :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
--------	-----------	-------------

<p>ক) জনাব গৌতম মন্ডল, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নাজিরপুর জানান, ‘মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১’ উপলক্ষে আগামী ৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর পর্যন্ত ২২ দিন নাজিরপুরের কালিগঙ্গা, বেলুয়া, তালতলা ও বলেশ্বর নদীর সর্বত্র সকল প্রকার মাছ ধরা বন্ধ থাকবে এছাড়া এসময় স্থানীয় বাজার শহর সর্বত্র ইলিশ পরিবহন, বাজারজাতকরণ করা নিষিদ্ধ থাকবে। মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১ উপলক্ষে উপজেলার সকল ইউনিয়নে বরাদ্দকৃত ভিজিএফ চাল সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে দ্রুত বিতরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।</p> <p>খ) তিনি আরো জানান, মৎস্য অধিদপ্তরের ১৩/০৯/২০২১ খ্রিস্টাব্দের ৩৩.০২.০০০০.১১১.০২.০০১.২১-১৬৮নং স্মারকে রাজস্ব বাজেটের আওতায় মৎস্য ভবন নির্মাণের সুযোগ রয়েছে মর্মে জানা যায়। এমতাবস্থায়, নাজিরপুর উপজেলা পরিষদ চত্বরে একটি ভবন নির্মাণের প্রস্তাব প্রেরণের জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন।</p>	<p>ক) বিস্তারিত আলোচনান্তে, মৎস্যজীবীদের ভিজিএফ দ্রুত বিতরণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, ভিজিএফ বিতরণের সময় আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতি নিশ্চিত করতে হবে।</p> <p>খ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে ভবন নির্মাণের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</p>	<p>সংশ্লিষ্ট সকল</p>
---	--	----------------------

১২) উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর, নাজিরপুর, পিরোজপুর

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
<p>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব হচ্ছে না।</p>	<p>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নাজিরপুরকে নিয়মিত উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়।</p>	<p>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর</p>

১৩) উপজেলা প্রকৌশল দপ্তর, নাজিরপুর, পিরোজপুর

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে																								
<p>ক) জনাব জাকির হোসেন মিয়া, উপজেলা প্রকৌশলী, নাজিরপুর উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সেক্রেটারি ২০২১ মাসের সভার কার্যবিবরণী সভায় অনুমোদনের জন্য পেশ করেন। উক্ত কার্যবিবরণীতে গৃহীত উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য তিনি অনুরোধ জানান।</p> <table border="1" data-bbox="203 1213 803 1371"> <thead> <tr> <th>ক্রম</th> <th>প্রকল্পের নাম</th> <th>প্রাক্কলিত ব্যয়</th> <th>পদ্ধতি</th> </tr> </thead> <tbody> <tr> <td>০১</td> <td>নাজিরপুর সদরের ডাঃ বিশ্বনাথ এর বাসা হতে প্রদীপ ঘোষের বাসার মোড় পর্যন্ত রাস্তা আরসিসিকরণ।</td> <td>৮৫০০০/-</td> <td>উন্মুক্ত দরপত্র</td> </tr> <tr> <td>০২</td> <td>উপজেলা মুজিবোদ্ধা কমপ্লেক্স চত্বরে বঙ্গবন্ধু মূল্যায়নের সামনে টাইলস স্থাপন।</td> <td>২৭৬০০০/-</td> <td>আরএফ কিউ</td> </tr> <tr> <td colspan="2">মোট</td> <td>১১২৬০০০/-</td> <td></td> </tr> </tbody> </table> <p>খ) তিনি হাট বাজার ব্যবস্থাপনা কমিটির ০৮/০৯/২০২১ খ্রিস্টাব্দের সভার কার্যবিবরণী সভায় অনুমোদনের জন্য পেশ করেন। উক্ত কার্যবিবরণীতে গৃহীত ১০% অর্থ দ্বারা নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য তিনি সভায় অনুরোধ জানান।</p> <table border="1" data-bbox="203 1535 803 1612"> <thead> <tr> <th>ক্রম</th> <th>প্রকল্পের নাম</th> <th>প্রাক্কলিত ব্যয়</th> <th>পদ্ধতি</th> </tr> </thead> <tbody> <tr> <td>০১</td> <td>নাজিরপুর মাছ বাজারে আরসিসি রোড নির্মান ও অভ্যন্তরীণ ড্রেন সংস্কার।</td> <td>৮৮৩৯৮৫/-</td> <td>উন্মুক্ত দরপত্র</td> </tr> </tbody> </table> <p>গ) উপজেলা প্রকৌশলী আরো জানান, নাজিরপুর উপজেলাধীন যেসব রাস্তা গেজেট অথবা আইডিভুক্ত হয়নি রাস্তার উন্নয়নের সার্থে উক্ত রাস্তার তালিকা প্রণয়নপূর্বক নির্বাহী প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পিরোজপুর বরাবর প্রেরণ করা আবশ্যিক। তিনি সভায় রোড এবং আইডি বিহীন রাস্তাসমূহের তালিকা সভায় অনুমোদনের জন্য পেশ করেন (পরিশ্লিষ্ট-গ)।</p> <p>ঘ) তিনি আরো জানান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন, ডরমেটরী ভবন এবং গেজেটেড কোয়ার্টার</p>	ক্রম	প্রকল্পের নাম	প্রাক্কলিত ব্যয়	পদ্ধতি	০১	নাজিরপুর সদরের ডাঃ বিশ্বনাথ এর বাসা হতে প্রদীপ ঘোষের বাসার মোড় পর্যন্ত রাস্তা আরসিসিকরণ।	৮৫০০০/-	উন্মুক্ত দরপত্র	০২	উপজেলা মুজিবোদ্ধা কমপ্লেক্স চত্বরে বঙ্গবন্ধু মূল্যায়নের সামনে টাইলস স্থাপন।	২৭৬০০০/-	আরএফ কিউ	মোট		১১২৬০০০/-		ক্রম	প্রকল্পের নাম	প্রাক্কলিত ব্যয়	পদ্ধতি	০১	নাজিরপুর মাছ বাজারে আরসিসি রোড নির্মান ও অভ্যন্তরীণ ড্রেন সংস্কার।	৮৮৩৯৮৫/-	উন্মুক্ত দরপত্র	<p>ক) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত কার্যবিবরণী ও প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উপজেলা প্রকৌশলী এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</p> <p>খ) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত কার্যবিবরণী ও প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উপজেলা প্রকৌশলী এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</p> <p>গ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত রাস্তাসমূহে উন্নয়নের জন্য নির্বাহী প্রকৌশলী এলজিইডি, পিরোজপুর বরাবর সুপারিশ প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা প্রকৌশলী নাজিরপুর, পিরোজপুর</p>
ক্রম	প্রকল্পের নাম	প্রাক্কলিত ব্যয়	পদ্ধতি																							
০১	নাজিরপুর সদরের ডাঃ বিশ্বনাথ এর বাসা হতে প্রদীপ ঘোষের বাসার মোড় পর্যন্ত রাস্তা আরসিসিকরণ।	৮৫০০০/-	উন্মুক্ত দরপত্র																							
০২	উপজেলা মুজিবোদ্ধা কমপ্লেক্স চত্বরে বঙ্গবন্ধু মূল্যায়নের সামনে টাইলস স্থাপন।	২৭৬০০০/-	আরএফ কিউ																							
মোট		১১২৬০০০/-																								
ক্রম	প্রকল্পের নাম	প্রাক্কলিত ব্যয়	পদ্ধতি																							
০১	নাজিরপুর মাছ বাজারে আরসিসি রোড নির্মান ও অভ্যন্তরীণ ড্রেন সংস্কার।	৮৮৩৯৮৫/-	উন্মুক্ত দরপত্র																							

<p>মেরামত কাজের অনুকূলে পুনঃ অর্থ বরাদ্দ প্রদানের লক্ষ্যে উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের ২৮-১২-২০২০ খ্রিঃ তারিখের ৭১৭ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়। পত্র পর্যালোচনায় দেখা যায়, ২০১৯-২০ অর্থ বছরে উপজেলা পরিষদ কমপ্লেক্স, ভবনাদি, নির্মাণ/পুনঃ নির্মাণ মেরামত ও রক্ষণাবেক্ষণ উপখাতে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন, ডরমেটরী ভবন এবং গেজেটেড কোয়ার্টার মেরামত কাজের অনুকূলে ২২,০০,০০০/- (বাইশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ প্রাপ্তির পর যথাযথ নির্দেশনা ও PPR-06 ও PPA-08 ও সর্বশেষ সংশোধনী অনুযায়ী দরপত্র প্রক্রিয়া সম্পন্ন শেষে সিমরান মায়ান ট্রেড ইন্টারন্যাশনাল নাজিরপুর এর অনুকূলে কার্যাদেশ প্রদান ও চুক্তিপত্র সম্পন্ন করত কাজটি নির্ধারিত সময়ে মধ্যে যথাযথভাবে সম্পন্ন করা হয়। নির্ধারিত কাজের বিপরীত বরাদ্দকৃত অর্থ প্রাপ্তির লক্ষ্যে সমাপ্ত কাজের পরিমাণ পরিমাপ বহিতে রেকর্ড করে বিল ভাউচার জুন/২০২০ অর্থ বছরে দাখিল করা হয়। জুন/২০২০ সমাপ্তি লগ্নে ইন্টারনেট সমস্যা ও বারবার বিদ্যুৎ বিভ্রাট থাকায় নির্ধারিত সময়ের মধ্যে বিল এন্ট্রি প্রদান করা সম্ভব হয়নি। উপজেলা প্রকৌশল দপ্তর, নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর, উপজেলা পরিষদ চেয়ারম্যানের দপ্তর ও উপজেলা হিসাব রক্ষণ অফিসের কর্মকর্তাগণ জুন সমাপ্তির শেষ দিন পর্যন্ত IBAS++ সফটওয়্যারে এন্ট্রি দেয়ার সর্বাত্মক প্রচেষ্টা শেষে মহা হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তরে টেলিফোনে সহায়তা চেয়ে অপেক্ষা করা হয়। তৎকালীন সময়ে হিসাব রক্ষণ কর্মকর্তা নিয়মিত দ্বায়িত্বে না থাকায় অতিরিক্ত দ্বায়িত্বে থাকা হিসাব রক্ষণ কর্মকর্তা যথা সময়ে IBAS++ সিস্টেমে জটিলতার সমাধান দিতে ব্যর্থ হন। পরবর্তী সময় গুলোতে IBAS++ System আর চালু না করতে পারায় বরাদ্দকৃত ২২,০০,০০০.০০ (বাইশ লক্ষ) টাকা সর্বশেষ তামাদি হিসাবে অব্যয়িত থাকে। যেহেতু কাজের দাখিলকৃত বিল প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক আন্তরিক প্রচেষ্টা সত্ত্বেও অনলাইন জটিলতার জন্য বরাদ্দকৃত অর্থ উত্তোলন করা যায়নি। সেহেতু ঠিকাদার কর্তৃক বাস্তবায়িত কাজের বিল প্রদান করা সম্ভব হয়নি। এমতাবস্থায়, ঠিকাদারী প্রতিষ্ঠান সিমরান মায়ান ট্রেড ইন্টারন্যাশনাল, নাজিরপুর কর্তৃক বাস্তবায়িত কাজের বিল প্রদানের নিমিত্ত নাজিরপুর উপজেলা পরিষদের অনুকূলে পুনঃ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উপজেলা পরিষদ কার্যালয়ের ২৮ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দের ৪৬.১০.৭৯৭৬.০০৪.৩১০০৬.১৮-১২৭নং স্মারকে সিনিয়র সচিব স্থানীয় সরকার বিভাগ মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়। এমতাবস্থায় বর্তমান অর্থ বছরে ০৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দের ৪৬.০০.০০০০.০৪.২০.০০২.২১-৪৯১ নং স্মারকের মাধ্যমে নাজিরপুর উপজেলা পরিষদ এর অনুকূলে বাসা-বাড়ী মেরামত খাতে ২২,০০,০০০/- (বাইশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। তিনি উক্ত বরাদ্দ দ্বারা ঠিকাদার কর্তৃক পূর্বে সম্পাদিত উপজেলা পরিষদের ভবনসমূহ মেরামত এর বিল প্রদানের জন্য সভায় অনুরোধ জানান।</p> <p>ঙ) তিনি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সেপ্টেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী সভায় অনুমোদিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে দক্ষতা উন্নয়ন উপ প্রকল্প সভায় অনুমোদনের জন্য পেশ করেন।</p>	<p>ঘ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তাকে বিধি মোতাবেক ঠিকাদারের অনুকূলে উক্ত বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।</p> <p>ঙ) উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত নিম্নবর্ণিত দক্ষতা উন্নয়ন উপ প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</p>	
<p>অনুমোদিত উপ-প্রকল্প সমূহের তালিকাঃ</p>		
ক্রমিক	গৃহীত প্রকল্পের নাম	প্রাক্কলিত বরাদ্দ (ভ্যাট আয়কর ব্যতীত)

১	শিক্ষিত বেকার যুবকদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ইলেকট্রিক্যাল হাউজ ওয়ারিং কাজের উপর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ।	১৪৪৭৪০.০০
২	বেকার যুবকদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ড্রাইভিং প্রশিক্ষণ।	১৮৪৪২০.০০
৩	উপজেলা পরিষদের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ই-জিপি বিষয়ক প্রশিক্ষণ।	১১৯১৬০.০০
৪	আর্থ-সামাজিক উন্নয়নের জন্য মুক্তা চাষ বিষয়ক আয়বর্ধনমূলক প্রশিক্ষণ।	১৩০৭৬০.০০
৫	অর্গানিক কৃষি উৎপাদন উৎসাহিত করার লক্ষ্যে কৃষকদের ভার্মি কম্পোষ্ট উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ।	১৩১৭৬০.০০
৬	পোল্ট্রি ফিড উৎপাদন ও আধুনিক পদ্ধতিতে পোল্ট্রি পালন বিষয়ক প্রশিক্ষণ।	১৪৭২৪০.০০
৭	কিশোর কিশোরী ক্লাবের সদস্যদের প্রজনন স্বাস্থ্য ও কোভিড-১৯ সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।	১৪১৯২০.০০
	মোট বরাদ্দ	১০০০০০.০০

১৪। শিক্ষা বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব মোঃ আবুল বাশার, উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), নাজিরপুর জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার নাজিরপুর, পিরোজপুর

১৫। যুব উন্নয়ন অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব যাদব চন্দ্র রায়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাজিরপুর জানান তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	যুব উন্নয়ন কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর

১৬। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব আকাশ মন্ডল, উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নাজিরপুর তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নাজিরপুর, পিরোজপুর

১৭। সমবায় অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব হোসেনয়ারা, উপজেলা সমবায় কর্মকর্তা, নাজিরপুর জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	উপজেলা সমবায় অফিসার, নাজিরপুর

১৮। দুর্যোগ্য ব্যবস্থাপনা অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব মোঃ ইশ্রাফিল, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাজিরপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব হচ্ছে না।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নাজিরপুরকে নিয়মিত উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নাজিরপুর পিরোজপুর

১৯। সমাজসেবা অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব মোঃ মাহাবুব, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নাজিরপুর জানান ২০২১-২২ অর্থ বছরের অতিরিক্ত প্রতিবন্ধী ভাতা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ প্রতি ইউনিয়নের অনুকূলে বিভাজন করা হয়েছে। আইডি কার্ডধারী ও তীব্র প্রতিবন্ধীদের অগ্রাধিকার প্রদানপূর্বক তালিকা প্রস্তুত করে আগামী দ্রুত দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে, প্রতিবন্ধী ভাতাভোগী বাছাই সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতপূর্বক তালিকা প্রণয়ন করে আগামী ৭ কর্মদিবসে মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা সমাজসেবা অফিসার নাজিরপুর পিরোজপুর ২। ইউপি চেয়ারম্যান (সকল) নাজিরপুর, পিরোজপুর

২০। পল্লী উন্নয়ন বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব মোঃ মাসুম মিয়া, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নাজিরপুর জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাজিরপুর,

২১। মহিলা বিষয়ক অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাজিরপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব হচ্ছে না।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাজিরপুরকে নিয়মিত উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	মহিলা বিষয়ক কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর

২২। মাধ্যমিক শিক্ষা বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ক) জনাব মাহিদুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাজিরপুর জানান শিক্ষা মন্ত্রণালয় এর অধীন কারগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতায় ১০০টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ স্থাপন প্রকল্পের মাধ্যমে নাজিরপুর উপজেলা একটি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ নির্মাণ করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের শ্রেণি পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। প্রতিষ্ঠানটি ঢাকা-পিরোজপুর মহাসড়কের পাশে অবস্থিত হওয়ায় ছাত্র-ছাত্রীদের রাস্তা পারাপারে অসুবিধা হয়, যেকোন সময় সড়ক দুর্ঘটনা ঘটার প্রবণতা রয়েছে। তিনি সড়ক ও জনপথ বিভাগের মাধ্যমে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সামনে স্পীডব্রেকার ও জেব্রা ক্রসিং নির্মাণের জন্য সভায় অনুরোধ জানান। খ) তিনি আরো জানান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর কর্তৃক নাজিরপুর উপজেলাধীন কলারদোয়ানিয়া মাধ্যমিক বিদ্যালয়ের একটি নতুন ভবন নির্মাণ করা হবে বিধায় বর্তমানে বিদ্যমান পুরাতন ঝুঁকিপূর্ণ একাডেমিক ভবন অপসারণ করা আবশ্যিক। উক্ত ভবন নিলামে অপসারণের লক্ষ্যে ২৬,২৩০/- টাকার একটি প্রাক্কলন পাওয়া গেছে। নতুন ভবন নির্মাণের স্বার্থে বিদ্যমান জরাজীর্ণ পুরাতন ভবনটি নিলামের মাধ্যমে অপসারণের জন্য তিনি অনুরোধ জানান।	ক) বিস্তারিত আলোচনান্তে, শিক্ষার্থীদের সুবিধার্থে দুর্ঘটনা রোধে স্পিড ব্রেকার ও সতর্কতামূলক চিহ্ন এবং জেব্রাক্রসিং স্থাপনের জন্য সড়ক ও জনপথ বিভাগ পিরোজপুরে পত্র প্রেরণ এর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। খ) বিস্তারিত আলোচনান্তে, কলারদোয়ানিয়া মাধ্যমিক বিদ্যালয়ের পুরাতন জরাজীর্ণ ভবন নিলামে অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নাজিরপুর, পিরোজপুর

২৩। বন বিভাগ নাজিরপুর, পিরোজপুর

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
উপজেলা বন কর্মকর্তা, নাজিরপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব হচ্ছে না।	উপজেলা বন কর্মকর্তা নাজিরপুরকে নিয়মিত উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	উপজেলা বন কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর

২৪। পল্লী সঞ্চয় ব্যাংক

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাজিরপুর জানান তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক নাজিরপুর, পিরোজপুর

২৫। ১নং মাটিভাঙ্গা ইউনিয়ন

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব জাহিদুল ইসলাম বিলু চেয়ারম্যান, ১নং মাটিভাঙ্গা ইউপি এর প্রতিনিধি জানান মাটিভাঙ্গা ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	মাটিভাঙ্গা ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	চেয়ারম্যান ১নং মাটিভাঙ্গা ইউপি নাজিরপুর, পিরোজপুর

২৬। ২নং মালিখালী ইউনিয়ন পরিষদ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

জনাব মোঃ রুহুল আমিন, চেয়ারম্যান, ২নং মালিখালী ইউপি জানান, তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	মালিখালী ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	চেয়ারম্যান ২নং মালিখালী ইউপি নাজিরপুর, পিরোজপুর
--	--	--

২৭। ৩নং দেউলবাড়ী দোবড়া ইউনিয়ন

জনাব মোঃ ওয়ালিউল্লাহ চেয়ারম্যান, ৩নং দেউলবাড়ী দোবড়া ইউপি অনুপস্থিত থাকায় তার ইউনিয়ন সম্পর্কে আলোচনা করা সম্ভব হচ্ছে না।	সভায় চেয়ারম্যান, দেউলবাড়ী দোবড়া ইউপিকে নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, ৩নং দেউলবাড়ী দোবড়া ইউপি, নাজিরপুর
---	--	--

২৮। ৪নং দীর্ঘা ইউনিয়ন

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব আশুতোষ বেপারী, চেয়ারম্যান ৪নং দীর্ঘা ইউপি জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দীর্ঘা ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	চেয়ারম্যান, ৪নং দীর্ঘা ইউপি, নাজিরপুর

২৯। ৫নং শাখারীকাঠী ইউনিয়ন

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব শেখ আজহারুজ্জামান গাউস, চেয়ারম্যান ৫নং শাখারীকাঠী ইউপি অনুপস্থিত থাকায় তার ইউনিয়ন সম্পর্কে আলোচনা করা সম্ভব হচ্ছে না।	সভায় চেয়ারম্যান, শাখারীকাঠী ইউপিকে নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, ৫নং শাখারীকাঠী ইউপি, নাজিরপুর, পিরোজপুর

৩০। ৬নং নাজিরপুর সদর ইউনিয়ন

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব মোঃ মোশারেফ হোসেন খান, চেয়ারম্যান, ৬নং নাজিরপুর ইউপি জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	নাজিরপুর সদর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	চেয়ারম্যান ৬নং নাজিরপুর ইউনিয়ন পরিষদ

৩১। ৭নং সেখমাটিয়া ইউনিয়ন

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব আতিয়ার রহমান চৌধুরী, চেয়ারম্যান, ৭নং সেখমাটিয়া ইউপি জানান, তার ইউনিয়ন পরিষদ ভবন জরুরী ভিত্তিতে মেরামত করা আবশ্যিক। তিনি এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন।	উপজেলা প্রকৌশলীকে সেখমাটিয়া ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের লক্ষ্যে ১৫,০০,০০০/- টাকার একটি প্রাক্কলন দাখিল করেছেন। উক্ত প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা প্রকৌশলী নাজিরপুর, পিরোজপুর

৩২। ৮নং শ্রীরামকাঠী ইউনিয়ন

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব উত্তম কুমার মৈত্র, চেয়ারম্যান, ৮নং শ্রীরামকাঠী ইউপি জানান শ্রীরামকাঠী ইউনিয়ন এর সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	শ্রীরামকাঠী ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	চেয়ারম্যান, ৮নং শ্রীরামকাঠী ইউপি, নাজিরপুর, পিরোজপুর

৩৩। ৯নং কলারদোয়ানিয়া ইউনিয়ন

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
জনাব হাসনাত, চেয়ারম্যান, ৯নং কলারদোয়ানিয়া ইউপি জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	চেয়ারম্যান, ৯নং শ্রীরামকাঠী ইউপি, নাজিরপুর, পিরোজপুর

৩৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
--------	-----------	-------------

জনাব শেখ মোস্তাফিজুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান, উপজেলা পরিষদকে শক্তিশালী করার জন্য স্থায়ী কমিটির সভা নিয়মিত আয়োজন করা আবশ্যিক। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।	বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা নিয়মিত আয়োজনের জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি সদস্য সচিব স্থায়ী কমিটি (সকল)
--	---	---

৩৫। উপজেলা নির্বাহী অফিসার

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে																																																																											
ক) জনাব মোহাম্মদ ওবায়দুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা নির্বাহের লক্ষ্যে এডিপি/রাজস্ব এডিপি/রাজস্ব উন্নয়ন ও গাছ নিলাম বিজ্ঞপ্তির নিম্নবর্ণিত পত্রিকার বিজ্ঞাপন বিল সভায় অনুমোদনের জন্য পেশ করেন।	ক) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক দাখিলকৃত ব্যয় প্রস্তাব উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর, পিরোজপুর																																																																											
<table border="1"> <thead> <tr> <th>ক্রঃ</th> <th>পত্রিকার নাম</th> <th>বিজ্ঞপ্তির বিবরণ</th> <th>পরিমাণ</th> <th>ছাপার তারিখ</th> </tr> </thead> <tbody> <tr> <td>০১</td> <td>আজকের দর্পণ</td> <td>গাছ নিলাম বিজ্ঞপ্তি</td> <td>২২,৪৬৬/-</td> <td>২২/০৮/২০২১</td> </tr> <tr> <td>০২</td> <td>পিরোজপুরের কথা</td> <td>গাছ নিলাম বিজ্ঞপ্তি</td> <td>১৪,৭২০/-</td> <td>২২/০৮/২০২১</td> </tr> <tr> <td>০৩</td> <td>পিরোজপুরের কথা</td> <td>দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৪/২০২০-২০২১</td> <td>১১,৭৭৬/-</td> <td>১৯/০৮/২০২১</td> </tr> <tr> <td>০৪</td> <td>আজকের দর্পণ</td> <td>দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৪/২০২০-২০২১</td> <td>২৯,৯৫৫/-</td> <td>১৯/০৮/২০২১</td> </tr> <tr> <td>০৫</td> <td>Daily Morning Observer</td> <td>দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৪/২০২০-২০২১</td> <td>১৬,৫৬০/-</td> <td>১৯/০৮/২০২১</td> </tr> <tr> <td>০৬</td> <td>পিরোজপুরের কথা</td> <td>দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৩/২০২০-২০২১</td> <td>৮,৮৩২/-</td> <td>২৩/০৩/২০২১</td> </tr> <tr> <td>০৭</td> <td>Daily Morning Observer</td> <td>দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৩/২০২০-২০২১</td> <td>১২,৪২০/-</td> <td>২৩/০৩/২০২১</td> </tr> <tr> <td>০৮</td> <td>আজকের দর্পণ</td> <td>দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৩/২০২০-২০২১</td> <td>২২,৪৬৬/-</td> <td>২৩/০৩/২০২১</td> </tr> <tr> <td>০৯</td> <td>আজকের দর্পণ</td> <td>Tender Notice No-02/2020-21</td> <td>২২,৪৬৬/-</td> <td>২৩/০৩/২০২১</td> </tr> <tr> <td>১০</td> <td>Daily Morning Observer</td> <td>Tender Notice No-02/2020-21</td> <td>১৬,৫৬০/-</td> <td>২৩/০৩/২০২১</td> </tr> <tr> <td>১১</td> <td>পিরোজপুরের কথা</td> <td>Tender Notice No-02/2020-21</td> <td>১১,৭৭৬/-</td> <td>২৩/০৩/২০২১</td> </tr> <tr> <td>১২</td> <td>পিরোজপুরের কথা</td> <td>Tender Notice No-01/2020-21</td> <td>১৪,৭২০/-</td> <td>২৩/০৩/২০২১</td> </tr> <tr> <td>১৩</td> <td>আজকের দর্পণ</td> <td>Tender Notice No-01/2020-21</td> <td>৩৭,৪৪৪/-</td> <td>২৪/১২/২০২০</td> </tr> <tr> <td>১৪</td> <td>Daily Morning Observer</td> <td>Tender Notice No-01/2020-21</td> <td>২০,৭০০/-</td> <td>২৪/১২/২০২০</td> </tr> </tbody> </table>	ক্রঃ		পত্রিকার নাম	বিজ্ঞপ্তির বিবরণ	পরিমাণ	ছাপার তারিখ	০১	আজকের দর্পণ	গাছ নিলাম বিজ্ঞপ্তি	২২,৪৬৬/-	২২/০৮/২০২১	০২	পিরোজপুরের কথা	গাছ নিলাম বিজ্ঞপ্তি	১৪,৭২০/-	২২/০৮/২০২১	০৩	পিরোজপুরের কথা	দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৪/২০২০-২০২১	১১,৭৭৬/-	১৯/০৮/২০২১	০৪	আজকের দর্পণ	দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৪/২০২০-২০২১	২৯,৯৫৫/-	১৯/০৮/২০২১	০৫	Daily Morning Observer	দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৪/২০২০-২০২১	১৬,৫৬০/-	১৯/০৮/২০২১	০৬	পিরোজপুরের কথা	দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৩/২০২০-২০২১	৮,৮৩২/-	২৩/০৩/২০২১	০৭	Daily Morning Observer	দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৩/২০২০-২০২১	১২,৪২০/-	২৩/০৩/২০২১	০৮	আজকের দর্পণ	দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৩/২০২০-২০২১	২২,৪৬৬/-	২৩/০৩/২০২১	০৯	আজকের দর্পণ	Tender Notice No-02/2020-21	২২,৪৬৬/-	২৩/০৩/২০২১	১০	Daily Morning Observer	Tender Notice No-02/2020-21	১৬,৫৬০/-	২৩/০৩/২০২১	১১	পিরোজপুরের কথা	Tender Notice No-02/2020-21	১১,৭৭৬/-	২৩/০৩/২০২১	১২	পিরোজপুরের কথা	Tender Notice No-01/2020-21	১৪,৭২০/-	২৩/০৩/২০২১	১৩	আজকের দর্পণ	Tender Notice No-01/2020-21	৩৭,৪৪৪/-	২৪/১২/২০২০	১৪	Daily Morning Observer	Tender Notice No-01/2020-21	২০,৭০০/-	২৪/১২/২০২০	খ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ হতে উপজেলা পরিষদের জন্য সৌর বিদ্যুৎ (সোলার প্যানেল) স্থাপন বাবদ ১,২৫,০০০/- (একলক্ষ পঁচিশ হাজার) টাকা, উপজেলা পরিষদের বাসাবাড়ি/ অফিস মেরামত খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং অপ্রত্যাশিত খাত হতে সড়ক দুর্ঘটনায় আহত সিদ্দিক হাওলাদারের পুত্র সবুজ হাওলাদারের চিকিৎসার জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, শান্তি রানি মৃধা, পিতাঃ ধীরেন্দ্র নাথ মৃধা এর চিকিৎসার জন্য সহযোগিতা বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) ব্যয়ের প্রস্তাব করেন।
ক্রঃ	পত্রিকার নাম		বিজ্ঞপ্তির বিবরণ	পরিমাণ	ছাপার তারিখ																																																																								
০১	আজকের দর্পণ		গাছ নিলাম বিজ্ঞপ্তি	২২,৪৬৬/-	২২/০৮/২০২১																																																																								
০২	পিরোজপুরের কথা		গাছ নিলাম বিজ্ঞপ্তি	১৪,৭২০/-	২২/০৮/২০২১																																																																								
০৩	পিরোজপুরের কথা		দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৪/২০২০-২০২১	১১,৭৭৬/-	১৯/০৮/২০২১																																																																								
০৪	আজকের দর্পণ		দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৪/২০২০-২০২১	২৯,৯৫৫/-	১৯/০৮/২০২১																																																																								
০৫	Daily Morning Observer		দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৪/২০২০-২০২১	১৬,৫৬০/-	১৯/০৮/২০২১																																																																								
০৬	পিরোজপুরের কথা		দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৩/২০২০-২০২১	৮,৮৩২/-	২৩/০৩/২০২১																																																																								
০৭	Daily Morning Observer		দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৩/২০২০-২০২১	১২,৪২০/-	২৩/০৩/২০২১																																																																								
০৮	আজকের দর্পণ		দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৩/২০২০-২০২১	২২,৪৬৬/-	২৩/০৩/২০২১																																																																								
০৯	আজকের দর্পণ		Tender Notice No-02/2020-21	২২,৪৬৬/-	২৩/০৩/২০২১																																																																								
১০	Daily Morning Observer		Tender Notice No-02/2020-21	১৬,৫৬০/-	২৩/০৩/২০২১																																																																								
১১	পিরোজপুরের কথা		Tender Notice No-02/2020-21	১১,৭৭৬/-	২৩/০৩/২০২১																																																																								
১২	পিরোজপুরের কথা		Tender Notice No-01/2020-21	১৪,৭২০/-	২৩/০৩/২০২১																																																																								
১৩	আজকের দর্পণ		Tender Notice No-01/2020-21	৩৭,৪৪৪/-	২৪/১২/২০২০																																																																								
১৪	Daily Morning Observer		Tender Notice No-01/2020-21	২০,৭০০/-	২৪/১২/২০২০																																																																								

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর উপজেলাবাসীর সার্বিক উন্নয়নে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার জন্য তিনি অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(অমূল্য রঞ্জন হালদার)

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা পরিষদ মাসিক সভা

নাজিরপুর, পিরোজপুর

১৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ

তারিখঃ ৩০ সেপ্টেম্বর, ২০২১

খ্রিস্টাব্দ

স্মারক নং- ৪৬.১০.৭৯৭৬.০০৪.০৬.০০১.২০-

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জনাব শ.ম. রেজাউল করিম, মাননীয় সংসদ সদস্য, পিরোজপুর-১ ও মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরিশাল।
৫. জেলা প্রশাসক, পিরোজপুর।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর।
৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর।
৯. মাননীয় সংসদ সদস্য-১২৭, পিরোজপুর- ১ এর সহকারী একান্ত সচিব (মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপজেলা..... অফিসার, নাজিরপুর, পিরোজপুর।
১১. চেয়ারম্যান, (সকল)ইউপি, নাজিরপুর, পিরোজপুর।
১২. জনাব নাজিরপুর, পিরোজপুর।
১৩. অফিস কপি।



মোহাম্মদ ওবায়দুর রহমান

উপজেলা নির্বাহী অফিসার

নাজিরপুর, পিরোজপুর